



ST. LAWRENCE HIGH SCHOOL
A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
Third Term Examination-2019



Sub: Bengali Grammar
Duration: 2 hrs. 30 min.

Class: 7
Answer Script

F.M: 90
Date: 26.11.2019

বিভাগ - ক

১। সঠিক উত্তরটি লেখো।

(১×৫=৫)

- ১.১ মনুর পুত্রকে এক কথায় কি বলে?
উ: (খ) মানব
১.২ ময়ুরাকৃতি নৌকা কে এক কথায় কি বলে?
উ: (ক) ময়ূরপঙ্খী
১.৩ যা চলতে সক্ষম তাকে এক কথায় কি বলে?
উ: (ক) সচল
১.৪ ময়ূরের ডাক কে এক কথায় কি বলে?
উ: (খ) কেকা
১.৫ যতদিন জীবন থাকবে - এক কথায় কি বলে?
উ: (গ) যাবজ্জীবন

২। নিচের বিশেষ্য পদ গুলোকে বিশেষণ পদে পরিণত করো।

(১×৮=৮)

উ: বিশেষ্য	বিশেষণ
(ক) চেতন	চৈতন্য
(খ) কিশোর	কৈশোর
(গ) উচিত	ঔচিত্য
(ঘ) দূর	দূরত্ব
(ঙ) চালাক	চালাকি
(চ) কঠিন	কাঠিন্য
(ছ) লাল	লালিমা
(ঞ) সাক্ষর	সাক্ষরতা

৩। সঠিক বিপরীতার্থক শব্দ ব্যবহার করে বাঁদিক ও ডানদিকের শব্দ মিলিয়ে লেখো:

(১×৮=৮)

(ক) বিলম্বিত	(ক) দ্রুত
(খ) বক্তা	(খ) শ্রোতা
(গ) মালিক	(গ) শ্রমিক
(ঘ) স্বাধীন	(ঘ) পরাধীন
(ঙ) স্থাবর	(ঙ) জঙ্গম
(চ) মিল	(চ) অমিল
(ছ) সরস	(ছ) নীরস
(ঞ) শিক্ষক	(ঞ) ছাত্র

৪। নিচের প্রায় সমোচ্চারিত শব্দ গুলোর অর্থ লেখো:

(১×৪=৪)

- ৪.১ শারদা, সারদা
উঃ দুর্গা, সরস্বতী
৪.২ শব, সব
উঃ মৃতদেহ, সমস্ত
৪.৩ শঙ্কর, সঙ্কর
উঃ শিব, মিশ্র
৪.৪ মুখ, মুক
উঃ বদন, বোবা

বিভাগ – খ

৫। যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও:

(৩×৫=১৫)

৫.১ কোনটি কোন কারক নির্ণয় করো:-

(ক)মা শিশুকে চাঁদ দেখাচ্ছে।

উঃ কর্তৃ কারক

(খ)গাছ থেকে আম পড়ল।

উঃ অপাদান কারক

(গ)এই কলমে ভালো লেখা হয়।

উঃ করণ কারক

৫.২ ভাব বাচক বিশেষ্য কাকে বলে? উদাহরণ দাও।

উঃ যে বিশেষ্যের মাধ্যমে ভাব প্রকাশ হয় তাকে ভাব বাচক বিশেষ্য বলে।

৫.৩ সংখ্যা বাচক শব্দ গুলোকে পূরণ বাচক ও পূরণ বাচক শব্দ গুলোকে সংখ্যা বাচক শব্দে লেখো:

৮, ১৭, দ্বাদশ

উঃ অষ্টম, সপ্তদশ, ১২।

৫.৪ নির্দেশক সর্বনাম কাকে বলে? উদাহরণ দাও।

উঃ কোনো কিছু নির্দেশ করে বোঝানোর জন্য যে পদ ব্যবহৃত হয় তাকে নির্দেশক সর্বনাম বলে।

৫.৫ পুরুষ কয় প্রকার ও কি কি? প্রত্যেকটি পুরুষের দুটি করে উদাহরণ দাও।

উঃ পুরুষ তিন প্রকার, উত্তম, মধ্যম এবং প্রথম।

৫.৬ বস্তু বাচক বিশেষ্য কাকে বলে? উদাহরণ দাও।

উঃ কোন বস্তুকে বোঝানোর জন্য যে বিশেষ্য পদ ব্যবহৃত হয় তাকে বস্তু বাচক বিশেষ্য বলে।

৫.৭ অব্যয় পদ কয় প্রকার ও কি কি উদাহরণ দিয়ে লেখো।

উঃ অব্যয় পদ দুই প্রকার। সংযোগ বাচক এবং মনোভাব বাচক।

৬। নিচের প্রশ্ন গুলোর উত্তর দাও:

(২×৫= ১০)

৬.১ বিশেষ্য পদ কাকে বলে? একটি স্থান বাচক বিশেষ্যের উদাহরণ দাও।

উঃ যে পদের মাধ্যমে কোনো ব্যক্তি, বস্তুর নাম বোঝানো হয়।

৬.২ সর্বনাম পদ কাকে বলে? একটি আত্মবাচক সর্বনামের উদাহরণ দাও।

উঃ কোন নামের পরিবর্তে যে পদ ব্যবহৃত হয় তাকে সর্বনাম পদ বলে।

৬.৩ ক্রিয়া বিশেষণ কাকে বলে? একটি ক্রিয়া বিশেষণের উদাহরণ দাও।

উঃ যে বিশেষণ পদের মাধ্যমে ক্রিয়া বা কাজের নাম বোঝানো হয় তাকে ক্রিয়া বিশেষণ বলে।

৬.৪ সংখ্যা বাচক ও পূরণ বাচক শব্দ নির্ণয় করো।

(ক) বাইশে শ্রাবণ রবি ঠাকুরের জন্মদিন।

উঃ পূরণ বাচক

(খ) আমার বয়স বারো বছর।

উঃ সংখ্যা বাচক

৬.৫ কি ধরনের অব্যয় নির্ণয় করো:

(ক) মেঘ রয়েছে কিন্তু বৃষ্টি পড়ছে না।

উঃ বাক্যান্বয়ী অব্যয়

(খ) অভি আর সাইন খুব ভালো বন্ধু

উঃ বাক্যান্বয়ী অব্যয়

বিভাগ - গ

৭। নিচের যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও।

(৫×২=১০)

৭.১ কারক কাকে বলে? একটি উদাহরণ দাও।

উঃ বাক্যের অন্তর্গত ক্রিয়াপদের সঙ্গে নামপদের বা বিশেষ্যের সম্বন্ধ বা অর্থকে কারক বলে।

৭.২ কর্তৃকারক ও কর্মকারক কাকে বলে?

উঃ যে ব্যক্তি বা বস্তু কোন অবস্থায় থাকে, কিংবা যে কোন কাজ করে, কিংবা অন্য কোন ব্যক্তি বা বস্তুর সাহায্যে কাজ করায়, তাকে বাক্যের কর্তা বলে। ব্যাকরণে তারই নাম কর্তৃকারক।

যে বস্তুকে অবলম্বন করে ক্রিয়ার কাজ হয়, কিংবা যার দ্বারা ক্রিয়া সম্পূর্ণতা লাভ করে, তাকে কর্মকারক বলে। ক্রিয়াপদে 'কি' বা 'কাকে' দিয়ে প্রশ্ন করে যে উত্তরটি পাওয়া যায়, সেটিই কর্মকারক।

৭.৩ বিভক্তি ও অনুসর্গের পার্থক্য কী?

উঃ

মৌলিক শব্দবিভক্তি	অনুসর্গ
১. এদের নিজস্ব কোন অর্থ নেই।	১. এদের নিজস্ব অর্থ আছে।
২. এগুলি মূলতঃ কতকগুলি বর্ণ।	২. এগুলি শব্দ এবং মূলতঃ অব্যয়।
৩. সর্বদা পদের শেষে ব্যবহৃত হয়।	৩. পদের শেষে বসলেও কখনও কখনও পদের আগেও বসে।
৪. বাক্যে এদের স্বাধীনভাবে ব্যবহার করা যায় না।	৪. বাক্যে স্বাধীনভাবে এদের অর্থে প্রয়োগ করা চলে।
৫. শব্দের সঙ্গে যুক্ত হয়ে নিজস্ব সত্তা হারিয়ে ফেলে।	৫. বিভক্তির মত কাজ করলেও নিজস্ব সত্তা বজায় রাখে।

৮। যে কোন একটি বিষয়ে রচনা লেখো (কমবেশি ৭০ শব্দে)

১৫

৮.১ বিদ্যালয়ের শিক্ষক দিবসের অনুষ্ঠান।

৮.২ তোমার দেখা একটি স্বপ্ন।

উঃ ভূমিকা, উপসংহার ও বিষয় সহযোগে কিংবা অনুচ্ছেদ অনুযায়ী রচনা লিখতে হবে।

৯। যে কোন একটি বিষয়ে চিঠি লেখো: (কমবেশি ৭০ শব্দে)

১৫

৯.১ বিদ্যালয়ের আবৃত্তি প্রতিযোগিতা বিষয়টি তোমার বন্ধুকে চিঠি লেখো।

৯.২ মহালয়ার সকাল তুমি কেমন ভাবে কাটালে তা জানিয়ে তোমার পিসিকে একটি চিঠি লেখো।

উঃ ব্যক্তিগত পত্রের নিয়ম অনুযায়ী পত্র রচনা করতে হবে।